

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়  
বিদ্যালয়-২ শাখা  
www.mopme.gov.bd.

জেলা প্রাথমিক শিক্ষা অফিস  
যশোর।  
প্রাপ্তি নং ৫৭৮ তারিখ ২৭/১০/২০২০  
এডিপি নং (স্বাক্ষর/স্বাক্ষর)  
উঃসঃ কার্তিক ১৪২৭ ৪৪  
তারিখঃ  
২৭ অক্টোবর ২০২০  
স্বাক্ষর  
Endorsement  
২৭/১০/২০২০

স্মারক নং-৩৮.০০.০০০০.০০৮.১২.০০৭.১৬-৩৭৪

বিষয়: সরকারি প্রাথমিক বিদ্যালয়ের শিক্ষকদের শিক্ষাগত যোগ্যতার সনদসমূহ সার্ভিসবুকে অন্তর্ভুক্তকরণ প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, সরকারি প্রাথমিক বিদ্যালয়ের শিক্ষকগণ সাধারণত চাকরিতে যোগদানকালে যে সকল সার্টিফিকেট জমা দেন তা সার্ভিসবুকে অন্তর্ভুক্ত করা হয় এবং নিয়োগকারী কর্তৃপক্ষের অনুমতি নিয়ে শিক্ষাগত যোগ্যতা/প্রশিক্ষণ অর্জন করলে তাও সার্ভিসবুকে অন্তর্ভুক্ত করা হয়। কিন্তু অনেক শিক্ষক অধ্যয়নরত থাকাকালীন চাকরিতে যোগদান করেছেন এবং পরবর্তীতে চাকরিরত অবস্থায় অধ্যয়ন সম্পন্ন করেছেন। এছাড়াও, অনেক শিক্ষক নৈশকালীন/খন্ডকালীন কোর্স সম্পন্ন করেছেন কিন্তু অসচেতনতার কারণে কর্তৃপক্ষের অনুমোদন গ্রহণ করা হয়নি। কর্তৃপক্ষের অনুমোদন ব্যতিরেকে যদি কোন শিক্ষক শিক্ষাগত যোগ্যতা/অভিজ্ঞতা অর্জন করে থাকেন তবে উক্ত যোগ্যতা/অভিজ্ঞতা সার্ভিসবুকে অন্তর্ভুক্ত করা প্রয়োজন।

২। এমতাবস্থায়, সরকারি প্রাথমিক বিদ্যালয়ের শিক্ষকগণের শিক্ষাগত যোগ্যতার সনদসমূহ যাচাই করে সার্ভিসবুকে অন্তর্ভুক্তকরণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো। তবে, এখন থেকে শিক্ষাগত যোগ্যতা অর্জনের ক্ষেত্রে কর্তৃপক্ষের অনুমোদন গ্রহণ করতে হবে।

২৭/১০/২০২০  
(নাজমা শেখ)  
উপসচিব  
ফোনঃ ৯৫৭৭২৫৫

মহাপরিচালক  
প্রাথমিক শিক্ষা অধিদপ্তর  
মিরপুর-২, ঢাকা।

অনুলিপি অবগতি/কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১. অতিরিক্ত সচিব (সকল), প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২. মাননীয় প্রতিমন্ত্রীর একান্ত সচিব, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩. সিনিয়র সচিবের একান্ত সচিব, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৪. বিভাগীয় উপপরিচালক, প্রাথমিক শিক্ষা (সকল বিভাগ)।
৫. সিস্টেম এনালিস্ট, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয় (ওয়েব সাইটে প্রকাশের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ)।
৬. জেলা প্রাথমিক শিক্ষা অফিসার (সকল জেলা)।
৭. উপজেলা/থানা শিক্ষা অফিসার (সকল উপজেলা/থানা)।
৮. অতিরিক্ত সচিব মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৯. যুগ্মসচিব (বিদ্যালয়) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১০. অফিস কপি।



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
জেলা প্রাথমিক শিক্ষা অফিস  
যশোর।  
dpeojosso@gmail.com



স্মারক নং-৩৮.০১.৪১০০.০০০.১২.০২২.২০/ ৩২৫০

তারিখ : ০২ কার্তিক ১৪২৭  
২৬ অক্টোবর ২০২০

অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি প্রেরণ করা হলো :-

- ১। মহাপরিচালক, প্রাথমিক শিক্ষা অধিদপ্তর, মিরপুর-২, ঢাকা-১২১৬।
- ২। বিভাগীয়, উপ-পরিচালক, প্রাথমিক শিক্ষা, খুলনা বিভাগ, খুলনা।
- ৩। উপজেলা শিক্ষা অফিসার (সকল), যশোর। মূল পত্রের নির্দেশনা মোতাবেক প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।
- ৪। সংরক্ষণ নথি।

শেখ আহিদুল আলম  
জেলা প্রাথমিক শিক্ষা অফিসার

যশোর।  
২৬/১০/২০